দৈনিক জনকণ্ঠ

তারিখ 02 APR 1998
পৃষ্ঠা ১ কলাম ৪

# প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচীতে বিশ্বব্যাংক ১৫ কোটি ডলার ঋণ দেবে

স্টাফ রিপোর্টার ॥ প্রাথমিক শিক্ষা উন্নয়নের কর্মসূচীতে বিশ্বব্যাংক থেকে বাংলাদেশ ১৫ কোটি ডলার সুদমুক্ত ঋণ পাবে। মঙ্গলবার বিশ্বব্যাংক এই ঋণ মঞ্জুরির

(১১ পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## প্রাথমিক শিক্ষা উন্নয়ন

*(প্রথম পাতার পর)*

সিদ্ধান্ত ঘোষণা করেছে। এ বছর থেকে কর্মসূচীর বাস্তবায়ন শুরু ও শেষ হবে ২০০৩ সালে।

এই কর্মসূচীর লক্ষ্য হচ্ছে, এই ৫ বছরে ছাত্র-ছাত্রী ভর্তি ও শিক্ষা সমাপনীর হার আরও ১০ শতাংশ বাড়ানো। কর্মসূচীর অন্যান্য লক্ষ্যের মধ্যে গুরুত্বপূর্ণ একটি হচ্ছে মেয়েদের ভর্তির সুযোগ বাড়ানো। এ সবের সঙ্গে কর্মসূচীর কেন্দ্রবিন্দু থাকবে বিদ্যালয় ব্যবস্থার মান ও দক্ষতার উন্নতি সাধন।

বিশ্বব্যাংকের এক তথ্য থেকে জানা যায়, বাংলাদেশে ৬ থেকে ১০ বছর বয়সী প্রায় ৩০ লাখ শিশু প্রাইমারী বিদ্যালয়ে ভর্তি হয় না। আর ভর্তি হওয়াদের মধ্যে প্রায় ৪০ শতাংশ পাঁচ বছরের শিক্ষা সমাপনের আগেই লেখাপড়া ছেড়ে দেয়। যে সব শিশু বিদ্যালয়ে ভর্তি হয় না, তাদের অধিকাংশই শহর ও গ্রামাঞ্চলের দরিদ্রতম এবং চট্টগ্রামের পার্বত্য জনগোষ্ঠীর। সুযোগ বাড়লে আগামী ২০০৩ সাল নাগাদ দেশের ৬ থেকে ১০ বছর বয়সের শিশুদের মধ্যে ১ কোটি ৪২ লাখ প্রাথমিক শিক্ষার আওতায় আসবে।